দৈনিক বাংলা

তারিখ 27 DEC 1987
পৃষ্ঠা 7 কলাম 3

14

# বেসরকারী শিক্ষকদের মঞ্জুরীর টাকা ব্যাংকে জমা দেয়া হয়েছে

বেসরকারী স্কুল কলেজ ও মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের ২য় কিস্তির বেতন বাবদ সরকারী মঞ্জুরীর টাকা (সেপ্টেম্বর অক্টোবর ও নবেম্বর ৮৭) গত ১৭ই ডিসেম্বর সংশ্লিষ্ট ব্যাংক সমূহে হস্তান্তর করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

বেসরকারী শিক্ষকগণ যাতে তাদের বেতন বাবদ সরকারী মঞ্জুরী মাসিক ভিত্তিতে পেতে পারেন সে লক্ষ্যে সরকার গুরুত্ব সহকারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

আগামী জানুয়ারী থেকে বে-সরকারী শিক্ষকদের বেতন বাবদ সরকারী মঞ্জুরী মাসিক ভিত্তিতে প্রদান করা সম্ভব হবে বলে আশা করা যায়। ২য় কিস্তির বেতন বাবদ সরকারী মঞ্জুরীর অর্থ যাতে অবিলম্বে শিক্ষকগণ পেতে পারেন সেলক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক সমূহে ইতিমধ্যে নির্দেশ দেয়া হয়েছে।